

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
স্থানীয় সরকার শাখা
www.feni.gov.bd


স্মারক নং- ০৫.২০.৩০০০.০০৬.১১.০০৬.২০২২- ০২

তারিখ: ২৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফেনী জেলার ইউনিয়ন পরিষদ সচিব এর ০৩ (তিন) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ শুক্রবার সকাল ১০.০০টা হতে ১১.৩০টা পর্যন্ত ফেনী সরকারি কলেজ, ফেনীতে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে উক্ত নিয়োগের লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করা হয়েছে। প্রবেশপত্র ডাউনলোড করার লিংক: <http://dcfeni.teletalk.com.bd/admitcard/index.php>। প্রবেশপত্র ডাউনলোড/সংগ্রহে কোনপ্রকার সমস্যা পরিলক্ষিত হলে পরীক্ষার্থীগণকে এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২.০ আগামী ২৩-০২-২০২৪ তারিখে লিখিত পরীক্ষার খাতা মূল্যায়নের অব্যবহিত পরে জেলা প্রশাসনের ওয়েব পোর্টাল www.feni.gov.bd, জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড ও ফেনী সরকারি কলেজের নোটিশ বোর্ডে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। উল্লেখ্য, লিখিত পরীক্ষার ফলাফল সীটে মৌখিক পরীক্ষার সময় ও স্থান উল্লেখ থাকবে।


০২/০২/২০২৪
(মুহাম্মৎ শাহীনা আক্তার)
জেলা প্রশাসক
ফেনী
ফোন: ০২৩৩৪৪-৭৪০০০
E-mail: dcfeni@mopa.gov.bd

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। পুলিশ সুপার, ফেনী।
- ০২। মেয়র, ফেনী পৌরসভা, ফেনী।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফেনী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফেনী [বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য]।
- ০৫। সহকারি কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী [বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
- ০৭। চেয়ারম্যান,(সকল), ইউনিয়ন পরিষদ, ফেনী।
- ০৮। নোটিশ বোর্ড/মাস্টার কপি।